ব্রডব্যান্ড ইন্টারনেট সার্ভিস আজ রাত নাগাদ চালু করা হবে: পলক

বাসস– ডাক, টেলিযোগাযোগ এবং তথ্য প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক বলেছেন, ব্রডব্যান্ড ইন্টারনেট সার্ভিস আজ রাত নাগাদ পরীক্ষামূলকভাবে চালু করা হবে।
আজ রাজধানীর আগারগাঁওয়ের আইসিটি টাওয়ারে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এই ঘোষণা দেন।
তিনি বলেন, ব্যাংকিং খাত, কূটনৈতিক জোন, তৈরী পোশাক শিল্প, আমদানি ও রপ্তানি এবং আউটসোর্সিং খাতের গুরুত্ব বিবেচনা করে ইন্টারনেট সেবা পুনরায় চালু করার কাজ চলছে।
তিনি বলেন, নতুন মিডিয়া প্ল্যাটফর্ম যেমন- ফেইসবুক, ইউটিউব, এক্স এবং হোয়াটসঅ্যাপ গুজব ছড়ানোর কাজে ব্যবহৃত হচ্ছে। যেখানে বিদেশী মিডিয়াও সরকারের বিরুদ্ধে প্রোপাগান্ডা ছড়ানোর কাজে জড়িত।
তিনি বলেন, পেইড এজেন্টরাও গুজব ছড়ানোর কাজে জড়িত। তিনি সঠিক তথ্য পেতে মূলধারার গণমাধ্যম অনুসরণ করার জন্য দেশের জনগণের প্রতি আহ্বান জানান।
এরআগে প্রতিমন্ত্রী রাজধানীর মহাখালী এলাকায় পুড়ে যাওয়া তিনটি ডাটা সেন্টার পরিদর্শন করেন।
সাংবাদিকদের সাথে আলাপকালে তিনি বলেন, ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে দুবৃত্তদের পুড়িয়ে দেওয়া ওভারহেড অপটিক্যাল ফাইবার আবার বসানো হয়েছে এবং মহাখালীতে ডেটা সেন্টারের ট্রান্সমিশন লাইনগুলোও চালু করা হয়েছে।
ডাক ও টেলিযোগাযোগ সচিব ড. মোহাম্মদ মুশফিকুর রহমান, তথ্য যোগাযোগ প্রযুক্তি সচিব সামসুল আরেফিন, বাংলাদেশ টেলিকমিউনিকেশন রেগুলেটরি কমিশনের (বিটিআরসি) চেয়ারম্যান ইঞ্জিনিয়ার মহিউদ্দিন আহমেদ এবং ইন্টারনেট সার্ভিস প্রোভাইডারস এসোসিয়েশন অব বাংলাদেশ (আইএসপিএবি)-এর সভাপতি এমদাদুল হক এসময় উপস্থিত ছিলেন।